Total No. of Printed Pages—11

**B21–BN**

**Subject Code : 02**

155616

**2021**

# BENGALI

( Modern Indian Language )

*Full Marks* : 100

*Pass Marks* : 30

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions.*

পরীক্ষার্থীরা ক–বিভাগ ও খ–বিভাগ

অথবা

ক–বিভাগ ও গ–বিভাগ-এর উত্তর একই খাতায় লিখবে।

www.bellalhossainmondal.com



www.bellalhossainmondal.com

## GROUP—A

## ( বিভাগ—ক )

( *মূল্যাংক : ৭৫* )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৬=৬

(ক) "এই কণ্ঠস্বরের সঙ্গে নবকুমারের হৃদয়বীণা বাজিয়া উঠিল।"—এখানে কার কণ্ঠস্বরের কথা বলা হয়েছে?

(খ) "শির দিয়া শীর নেহি দিয়া"—কথাটির অর্থ কী?

(গ) লখনউ থেকে দিল্লী অভিমুখী রেলগাড়িতে যে ডাকাতির ঘটনাটি ঘটেছিল, সেসময় সেই রেলগাড়ির যাত্রী অরুণিমা সিন্‌হার বয়স কত ছিল?

(ঘ) অরুণিমা সিন্‌হা কী খেলতেন?

(ঙ) শূন্যস্থান পূর্ণ করো :

"তিনদিন ____ জ্বলিতেছে ঘরে।"

(চ) "গেলে তুমি, দয়াময়ি, এ পরাণ যাবে!"—এখানে 'দয়াময়ি' বলতে কাকে বোঝানো হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৬=১২

(ক) "যাইও না। ফিরিয়া যাও—পলায়ন কর।"—বক্তা কে? কাকে একথা বলা হয়েছে?

(খ) কলিকাতা ছাত্রমণ্ডলীকে আশ্রয় করে যে দুজন মহান ব্যক্তি দেশের মধ্যে নিজেদের নতুন রাষ্ট্রকর্মকে গড়ে তোলেন, সেই ব্যক্তি দুজনের নাম কী?

(গ) রেললাইনের কাছে গুরুতরভাবে আহত অবস্থায় পড়ে থাকা অরুণিমা সিন্‌হাকে কোন্ কোন্ হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়েছিল?

(ঘ) অরুণিমা সিন্‌হার এভারেস্ট বিজয়ের তারিখটি লেখো। অরুণিমা কতক্ষণ সময় এভারেস্টে ছিলেন?

(ঙ) কাঠমাণ্ডু থেকে যাত্রা শুরু করার কতদিন পর অরুণিমা সিন্‌হা এভারেস্টের শিখরে পদার্পণ করতে সক্ষম হন? এভারেস্ট কতখানি উচ্চতায় অবস্থিত?

(চ) শূন্যস্থান পূর্ণ করো :

"কত ____, মরি মরি যাওত
ন তুয়া আদি ____।"



www.bellalhossainmondal.com

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৩×৩=৯

(ক) যে স্থানে সঙ্গীরা নবকুমারকে পরিত্যাগ করে চলে যান, সেখানকার বালিয়াড়ির সম্পর্কে যে বর্ণনা দেওয়া হয়েছে, তা সংক্ষেপে লিপিবদ্ধ করো।

*অথবা*

দাক্ষিণাত্য শিক্ষা-সমাজের পরিচয় দাও।

(খ) "মাধব, হাম পরিণাম নিরাশা"—কবির এই নৈরাশ্যের কারণ কী?

*অথবা*

গুরুকে ভিক্ষা করতে দেখে শিবাজি কী ভেবেছিলেন এবং কীরূপে এর প্রতিবিধান করতে চেয়েছিলেন?

(গ) "উদিলে নির্দ্দয় রবি উদয়-অচলে,
নয়নের মণি মোর নয়ন হারাবে!"

উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করো।

*অথবা*

"তিনটি দিনেতে, কহ, লো তারা-কুন্তলে,
এ দীর্ঘ বিরহ-জ্বালা এ মন জুড়াবে?"—এখানে কোন্ তিনটি দিনের উল্লেখ করা হয়েছে?

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৪×৪=১৬

(ক) 'সাগরসঙ্গমে নবকুমার' পাঠে কাপালিকের যে ভীষণ রূপের বর্ণনা রয়েছে তা লিপিবদ্ধ করো।

*অথবা*

বাংলার নবযুগ প্রবর্তনে সুরেন্দ্রনাথের ভূমিকা কতখানি, তা আলোচনা করো।

(খ) যে ঘটনায় অরুণিমা সিন্‌হা তার পা হারিয়েছিলেন তা বিশদভাবে বর্ণনা করো।

*অথবা*

পর্বত অভিযানে অরুণিমা সিন্‌হা কী ধরনের বাধার সম্মুখীন হয়েছিলেন এবং কীভাবে সেই বাধা অতিক্রম করেছিলেন তা আলোচনা করো।



www.bellalhossainmondal.com

(গ) 'প্রার্থনা' কবিতায় কবির মূল বক্তব্য-বিষয় পরিস্ফুট করো।

*অথবা*

''গুরু-কাছে লব গুরুদুখ''—কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে শিবাজি গুরুকে একথা বলেছিলেন তা আলোচনা করো।

(ঘ) 'বিজয়া-দশমী' কবিতায় মা মেনকা যেন সমগ্র বাংলার অসহায় মায়েদের প্রতিনিধি হয়ে উঠেছেন।—'বিজয়া-দশমী' কবিতা অবলম্বনে আলোচনা করো।

*অথবা*

'বিজয়া-দশমী' কবিতায় দেবী দুর্গা যেন বাংলার এক আদরিণী কন্যা, মা মেনকার বিলাপের মধ্য দিয়ে দেবী দুর্গার সেই রূপটিই উদ্ভাসিত হয়েছে।—'বিজয়া-দশমী' কবিতা অবলম্বনে আলোচনা করো।

৫। নির্দেশ অনুসারে উত্তর দাও :

(ক) নিম্নলিখিত জটিল বাক্যটিকে সরল বাক্যে পরিণত করো : ১
''যে ভয় হল তাতে সর্বাঙ্গ কাঁটা দিয়ে উঠল।''

(খ) নিম্নলিখিত শব্দের মূল প্রকৃতি ও প্রত্যয় নির্দেশ করে প্রত্যয় নির্ণয় করো (যে কোনো একটি) : ১
রান্না; গাঙ্গেয়।

(গ) সন্ধি বিচ্ছেদ করো (যে কোনো একটি) : ১
কথামৃত; গণেশ।

(ঘ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যে কোনো একটি) : ১
নিরহঙ্কার; ত্রিফলা।

(ঙ) নিম্নলিখিত সরল বাক্যটিকে যৌগিক বাক্যে পরিণত করো : ১
''সময় থাকতে চেষ্টা না করলে ফল পাবে না।''

(চ) বাগ্‌ধারার অর্থ লিখে বাক্য-রচনা করো (যে কোনো একটি) : ১
কাঠের পুতুল; আক্কেল সেলামি; গৌরচন্দ্রিকা।



www.bellalhossainmondal.com

(ছ) নিম্নলিখিত শব্দের ণ-ত্ব এবং ষ-ত্ব বিধি নির্ণয় করো (**যে কোনো একটি**) : ১

তৃণ; বিনষ্ট; শূর্পণখা।

(জ) বিরামচিহ্ন বসাও : ২

বিশ্বপ্রাণের মূক ধাত্রী এই গাছ নিরবচ্ছিন্ন কাল ধরে দ্যুলোককে দোহন করে পৃথিবীর অমৃতভাণ্ডারের জন্যে প্রাণের তেজ প্রাণের রস প্রাণের লাবণ্য সঞ্চয় করে আর উৎকণ্ঠিত প্রাণের বাণীকে অহর্নিশি আকাশে উচ্ছ্বসিত করে তোলে আমি থাকব

৬। ভাবসম্প্রসারণ করো : ৪

"যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে,<br>
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে,<br>
যে জাতি জীবনহারা অচল অসার,<br>
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।"

*অথবা*

গুয়াহাটি মহানগরীর সৌন্দর্য দিনে দিনে বৃদ্ধি পেলেও তার সমস্ত সৌন্দর্য নষ্ট করছে যত্র-তত্র ফেলে দেওয়া জমানো আবর্জনার স্তূপ। কীভাবে এই আবর্জনা গুয়াহাটির সৌন্দর্য বিনষ্ট করছে, তা বর্ণনা করে মাননীয় উন্নয়নমন্ত্রীর কাছে গুয়াহাটিকে আবর্জনামুক্ত তথা প্রদূষণমুক্ত শহরে পরিণত করার উপায় জানিয়ে একখানি আবেদনপত্র লেখো। ৪

৭। **যে কোনো একটি** বিষয়ে রচনা প্রস্তুত করো : ৮

(ক) নিয়মানুবর্তিতা

[সংকেত সূত্র : ভূমিকা—নিয়মানুবর্তিতা কী—নিয়মানুবর্তিতার ক্ষেত্রে সময়ের ভূমিকা—নিয়মানুবর্তিতাবিহীন জীবনের ব্যর্থতা—ছাত্রছাত্রীর জীবনে নিয়মানুবর্তিতা ও অভিভাবক তথা শিক্ষকের ভূমিকা—উপসংহার।]

(খ) অসমের প্রাকৃতিক সম্পদ

[সংকেত সূত্র : ভূমিকা—প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি অসমের সৌন্দর্য ও সমৃদ্ধির মূল কারণ এর প্রাকৃতিক সম্পদ—অসমের প্রাকৃতিক সম্পদের অপব্যয় এবং তার থেকে রক্ষার উপায়—অসমের প্রাকৃতিক সম্পদের উন্নয়নের ক্ষেত্রে সরকারের ভূমিকা—উপসংহার।]



www.bellalhossainmondal.com

(গ) মানবসভ্যতা ও বিজ্ঞান

[সংকেত সূত্র : ভূমিকা—বিজ্ঞানের আবিষ্কার ও মানবসভ্যতার অগ্রগতি—মানবসভ্যতার ক্ষেত্রে বিজ্ঞানের বিচিত্র অবদান—বিজ্ঞানের অপব্যবহার ও মানুষের পাশবিক শক্তি মানবসভ্যতার অগ্রগতির ক্ষেত্রে বাধাস্বরূপ—উপসংহার ।]

**দ্রুতপঠন**

**( বৈচিত্র্যপূর্ণ অসম )**

৮। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) তোমার পাঠ্যক্রমের দ্রুতপাঠে সন্নিবিষ্ট অসমের যে কোনো দুটি জনগোষ্ঠীর সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩×২=৬

(খ) তোমার পাঠ্যক্রমের দ্রুতপাঠে সন্নিবিষ্ট অসমের যে কোনো দুটি জনগোষ্ঠীর বিশেষভাবে অবদান থাকা এক-একজন ব্যক্তির বিষয়ে সংক্ষেপে লেখো। ২×২=৪

www.bellalhossainmondal.com



www.bellalhossainmondal.com

## GROUP—B

### ( বিভাগ—খ )

( মূল্যাংক : ২৫ )

৯। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৩=৩

(ক) "পুত্র কি কেবল পিতার স্নেহের অধিকারী ?"—বক্তা কে ?

(খ) যশোবন্ত সিংহ কে ?

(গ) নাদিরা কার কন্যা ?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) শূন্যস্থান পূর্ণ করো :

"_____ সার, এমন পাবে না আর
_____ ভুলো না রে মন।"

(খ) 'জীবন-সংগীত' কবিতায় কবি মানুষকে আপন ব্রত সাধনের জন্য কী কী করতে বলেছেন ?

১১। টীকা লেখো (যে কোনো দুটি) : ২×২=৪

জয়সিংহ; সিপার; দারা।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩

(ক) দারা এলাহাবাদে সুজার বিপক্ষে কাকে পাঠিয়েছিলেন ? তাঁর সঙ্গে দারা আর কাকে কাকে পাঠিয়েছিলেন ? ১+১+১=৩

(খ) "সাম্রাজ্য কি অন্তঃপুর! একটা ছেলেখেলা!"—বক্তা কে ? কাকে তিনি একথা বলেছেন ? তাঁর একথা বলার কারণ কী ? ১+১+১=৩



www.bellalhossainmondal.com

১৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৩×২=৬

(ক) ক্ষণস্থায়ী মানবজীবন কীভাবে সার্থক হতে পারে তা ‘জীবন-সংগীত’ কবিতাটি অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

(খ) ‘‘কর যুদ্ধ বীর্যবান্ যায় যাবে যাক্ প্রাণ
মহিমাই জগতে দুর্লভ।’’

—উক্তিটির নিহিতার্থ লেখো।

(গ) ‘জীবন-সংগীত’ কবিতাটি প্রকৃতপক্ষে দুর্বল মানুষের জীবনে উদ্দীপনা জাগানোর সংগীত।—কবিতাটি অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

১৪। নির্দেশ অনুযায়ী উত্তর দাও :

(ক) অশুদ্ধি সংশোধন করো (যে কোনো একটি) : ১

অত্যাধিক; সান্তনা।

(খ) বিপরীতার্থক শব্দ লেখো (যে কোনো দুটি) : ১×২=২

অনুরক্ত; কর্মঠ; অবতরণ।

(গ) প্রবাদ-প্রবচনের অর্থ লেখো (যে কোনো দুটি) : ১×২=২

কাঠবিড়ালের সাগর বাঁধা; বজ্র আঁটুনি ফস্কা গেরো; মরার উপর খাঁড়ার ঘা।

(ঘ) বাগ্‌বিধির অর্থ লিখে বাক্য-রচনা করো (যে কোনো একটি): ২

সাক্ষীগোপাল; রাহুর দশা; বিনামেঘে বজ্রপাত।

www.bellalhossainmondal.com



www.bellalhossainmondal.com

## GROUP—C

## ( বিভাগ—গ )

(মূল্যাংক : ২৫)

1. Translate ***any one*** of the following in your mother language : 4

নীচের যে কোনো একটি অংশ তোমার মাতৃভাষাতে অনুবাদ করো :

(a) असमराज्यस्य विभिन्नजनगोष्ठीनां नृत्यानामपि वयं प्रदर्शनं कुर्यामः। तर्हि बहिराज्येभ्यः आगतेभ्यः विद्यार्थिनः असमराज्यस्य संस्कृतिं ज्ञातुं शक्नुवन्ति।

(b) ग्रन्थागारे सहस्रं पुस्तकानि सन्ति। सौरजगति अष्ट ग्रहाः सन्ति। मम पञ्चदश पुस्तकानि अस्ति। राघवस्य अशीतिः मुद्रा अस्ति।

(c) सत्येन लोकं जयति दानैर्जयति दीनताम्।
गुरून् शुश्रूषया जीयाद्धनुषा एव शात्रवान्॥

2. Answer ***any one*** of the following questions : 2

নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(a) Write a verse from your textbook showing the glory of विद्या.

তোমার পাঠ্যপুথি থেকে বিদ্যার মহত্ত্ব প্রকাশ করে একটি শ্লোক লেখো।

(b) Write the names of any four Sanskrit books which mention morals (नीतिशिक्षा) and noble speeches (सुभाषितम्).

যে কোনো চারটি সংস্কৃত গ্রন্থের নাম লেখো যেখানে নীতিশিক্ষা এবং সুভাষণ-এর উল্লেখ আছে।

3. Fill in the blanks with appropriate words (***any three***) : 1×3=3

উপযুক্ত শব্দ দ্বারা শূন্যস্থান পূর্ণ করো (যে কোনো তিনটি) :

(a) हरिणः _____ बिभेति। (व्याघ्रः)

(b) _____ पत्रं पतति। (वृक्षः)



www.bellalhossainmondal.com

(c) रामः _____ पुत्रः। (दशरथः)

(d) मुनिवरः _____ वसति। (कुटिरः)

(e) शिक्षकाः _____ पाठयन्ति। (विद्यालयः)

4. Determine the genders of ***any three*** of the following words : 1×3=3

নীচের শব্দগুলোর যে কোনো তিনটির লিঙ্গ নির্ধারণ করো :

द्वौ ; विंशतयः ; चत्वारिंशत् ; प्रथमम् ; षोडशी।

*Or / অথবা*

Write the Sanskrit synonyms of ***any three*** of the following words : 1×3=3

নীচের শব্দগুলোর যে কোনো তিনটির সংস্কৃত প্রতিশব্দ লেখো :

वार्त्ता ; महती ; गीतम् ; चित्राणि ; प्रदर्शनम्।

5. Match the following words of Group—A with the words of Group—B : 1×3=3

নিম্নে উল্লিখিত 'ক' অংশের সঙ্গে 'খ' অংশের শব্দগুলো মেলাও :

| **Group—A / অংশ—'ক'** | **Group—B / অংশ—'খ'** |
|---|---|
| प्रथमा | स्थानम् |
| त्रिंशत्तमम् | मानवाः |
| त्रयः | कन्या |

6. *(a)* Derive ***any two*** of the following words : 1½×2=3

নীচের যে কোনো দুটি পদের ব্যুৎপত্তি লেখো :

*(i)* 'कुर्यामः' in Q. No. **1** *(a)*

প্রশ্নসংখ্যা **1**-এর *(a)* তে 'कुर्यामः'

*(ii)* 'शक्नुवन्ति' in Q. No. **1** *(a)*

প্রশ্নসংখ্যা **1**-এর *(a)* তে 'शक्नुवन्ति'



www.bellalhossainmondal.com

(iii) 'मन्ति' in Q. No. 1 (b)

প্রশ্নসংখ্যা 1-এর (b) তে 'मन्ति'

(iv) 'जपति' in Q. No. 1 (c)

প্রশ্নসংখ্যা 1-এর (c) তে 'जपति'

(b) Decline ***any four*** of the following : 1×4=4

নীচের যে কোনো চারটির শব্দরূপ লেখো :

(i) 'पितृ' in 4th case-ending plural

'पितृ' চতুর্থী বিভক্তির বহুবচনে

(ii) 'सखि' in 2nd case-ending plural

'सखि' দ্বিতীয়া বিভক্তির বহুবচনে

(iii) 'गो' in 5th case-ending dual

'गो' পঞ্চমী বিভক্তির দ্বিবচনে

(iv) 'राजन्' in 1st case-ending singular

'राजन्' প্রথমা বিভক্তির একবচনে

(v) 'अस्मद्' in 3rd case-ending singular

'अस्मद्' তৃতীয়া বিভক্তির একবচনে

(vi) 'सखि' in 6th case-ending dual

'सखि' ষষ্ঠী বিভক্তির দ্বিবচনে

(c) Conjugate ***any three*** of the following : 1×3=3

নীচের যে কোনো তিনটির ধাতুরূপ লেখো :

(i) √अद् + लोट् तु

(ii) √हन् + लट् अन्ति

(iii) √दा + लृट् स्यति

(iv) √कृ + लङ् द

(v) √नृत् + लट् सि

* * *



www.bellalhossainmondal.com